**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা-১৬৪/২০১৯-২০২০**
**ঢাকা ১০ ফেব্রুয়ারি সোমবার ২০২০, ২৭ মাঘ ১৪২৬**

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। অনূর্ধ-১৯ ক্রিকেট বিশ্বকাপ ফাইনালে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন বাংলাদেশ
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন
২। মাদক, সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ ও দুর্নীতির বিরুদ্ধে সজাগ থাকুন :
সশস্ত্র বাহিনীর সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী
৩। ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক এখন অনন্য উচ্চতায় : ভারতে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে স্পিকার
৪। কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় তিনটি সেতু
আধুনিক ও যুগোপযোগী করে চার লেনে নির্মাণ করা হয়েছে : সেতুমন্ত্রী
৫। অর্ধেক দামে ধান লাগানো মেশিন পাবেন কৃষক : নারায়ণগঞ্জে কৃষিমন্ত্রী
৬। বাংলাদেশকে কল্যাণ রাষ্ট্রে রূপান্তর করেছেন প্রধানমন্ত্রী : তথ্যমন্ত্রী
৭। পুঁজিবাজারে আসছে রাষ্ট্রায়ত্ত চার ব্যাংক : অর্থমন্ত্রী
৮। জনস্বাস্থ্যের নিরাপত্তার স্বার্থে নকল-ভেজাল ওষুধ বিক্রির
বিরুদ্ধে সরকার কঠোরতা অবলম্বন করছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী
৯। আন্তর্জাতিক রুটের জন্য ছয়টি বড় জাহাজ কিনবে সরকার : সংসদে নৌ পরিবহণ প্রতিমন্ত্রী
১০। মনু নদ রক্ষায় হাজার কোটি টাকার প্রকল্প নেওয়া হবে : মৌলভীবাজারে পানিসম্পদ প্রতিমন্ত্রী
১১। আগামী মৌসুমে সারাদেশে অ্যাপসে বোরো সংগ্রহ করা হবে : বগুড়ায় খাদ্যমন্ত্রী
১২। স্থানীয় নির্বাচনে ক্লিন ইমেজের ব্যক্তিকে বেছে নিন : স্থানীয় সরকার মন্ত্রী
১৩। চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হওয়ার পরামর্শ শিক্ষামন্ত্রীর
১৪। নারী উদ্যোক্তা বৃদ্ধিতে কাজ করছে সরকার : বাণিজ্যমন্ত্রী
১৫। ঐতিহ্য রক্ষা করে আধুনিক নগরায়ণ চাই : আবুধাবিতে গণপূর্তমন্ত্রী
১৬। আখাউড়া-সিলেট রেল রুটের কাজ দ্রুত শুরু হবে : সিলেটে রেলমন্ত্রী
১৭। দেশে বর্তমানে ১১৭টি যাত্রাদলের নিবন্ধন রয়েছে : সংসদে সংস্কৃতি প্রতিমন্ত্রী

১। **অনূর্ধ-১৯ ক্রিকেট বিশ্বকাপ ফাইনালে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন বাংলাদেশ**
**রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

অনূর্ধ-১৯ ক্রিকেট বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ যুব দল। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) দক্ষিণ আফ্রিকার পচেফস্ট্রুমে ফাইনালে ভারত যুব দলকে ৩ উইকেটে হারিয়ে বাংলাদেশ জয় লাভ করে। আইসিসি অনূর্ধ-১৯ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হওয়ায় রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ অনূর্ধ-১৯ ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** ( শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

২। **মাদক, সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ ও দুর্নীতির বিরুদ্ধে সজাগ থাকুন :**
**সশস্ত্র বাহিনীর সদস্যদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা রুটিন দায়িত্ব পালনের পাশাপাশি বিদ্যমান কিছু সামাজিক অভিশাপের বিরুদ্ধে সতর্ক নজর রাখার জন্য সশস্ত্র বাহিনীর প্রতি আহ্বান জানিয়ে বলেছেন, তাঁর সরকার এসব সামাজিক অভিশাপ নির্মূল করতে 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করে যাবে। তিনি বলেন, সমাজে মাদক, সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ ও দুর্নীতির মতো কিছু সামাজিক অভিশাপ রয়েছে। আমি এসব বিষয়ে আপনাদের বিশেষ মনোযোগ আকর্ষণ করছি। গতকাল (৯ জানুয়ারি রোববার) মিরপুর সেনানিবাসে ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজের (ডিএসসিএসসি) শেখ হাসিনা কমপ্লেক্সে ২০১৯-২০২০ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৩। **ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক এখন অনন্য উচ্চতায় : ভারতে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশ ও ভারতের সম্পর্ক বর্তমানে অনন্য উচ্চতায় রয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সংলাপের মাধ্যমে দু'দেশের গুরুত্বপূর্ণ ইস্যুর শান্তিপূর্ণ সমাধানে খুবই আন্তরিক। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) ভারতে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত কেনেথ জাস্টার তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে এলে স্পিকার এসব কথা বলেন। তিনি বলেন, রোহিঙ্গা সমস্যা থাকা সত্ত্বেও বাংলাদেশ মিয়ানমারের সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে চলেছে এবং রোহিঙ্গাদের শান্তিপূর্ণ প্রত্যাবাসনে সংলাপ চালিয়ে যাচ্ছে। দক্ষিণ এশিয়ার উন্নয়নে আঞ্চলিক সহযোগিতা খুবই গুরুত্বপূর্ণ বলেও তিনি উল্লেখ করেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.১)।

৪। **কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় তিনটি সেতু**
**আধুনিক ও যুগোপযোগী করে চার লেনে নির্মাণ করা হয়েছে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নেওয়ার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরিকল্পনার অংশ হিসেবে কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় তিনটি সেতু জাপানের সহায়তায় আধুনিক ও যুগোপযোগী করে চার লেনে নির্মাণ করা হয়েছে। জাপানি কোম্পানি জাইকা গতকাল এ সেতু তিনটি আমাদের কাছে হস্তান্তর করল। সেতু তিনটির কাজ নির্ধারিত সময়ের ছয় মাস আগে সম্পন্ন করায় ১ হাজার ৩৮৮ কোটি টাকা ব্যয় কম হওয়ায় জাপান সরকারের প্রতি ধন্যবাদ জানান তিনি। গতকাল (৯ জানুয়ারি রোববার) নারায়ণগঞ্জের সোনারগাঁওয়ের মেঘনাঘাট এলাকায় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কাঁচপুর, মেঘনা ও গোমতী দ্বিতীয় সেতু নির্মাণ ও পুরোনো তিনটি সেতুর সংস্কার প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮),**সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১।

৫। **অর্ধেক দামে ধান লাগানো মেশিন পাবেন কৃষক : নারায়ণগঞ্জে কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক বলেছেন, কৃষকদের যাতে ধান কাটতে ও লাগাতে সুবিধা হয় সেজন্য অর্ধেক দাম দিয়ে ধান কাটার ও লাগানোর মেশিন কিনে দেবে সরকার। গতকাল (৯ জানুয়ারি রোববার) নারায়ণগঞ্জের আড়াইহাজারে এক সুধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন, বর্তমান সরকারের ১১ বছরে সারের দাম এক টাকাও বাড়েনি। দেশে কোনো খাদ্য ঘাটতি নেই। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৩)।

৬। **বাংলাদেশকে কল্যাণ রাষ্ট্রে রূপান্তর করেছেন প্রধানমন্ত্রী : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি উদ্যোগ, আমার বাড়ি আমার খামার প্রকল্প এবং অন্যান্য মেগা প্রকল্প দেশকে কল্যাণ রাষ্ট্রে রূপান্তরিত করেছে। গতকাল (৯ জানুয়ারি রোববার) প্রেস ইনস্টিটিউট অভ বাংলাদেশে (পিআইবি) বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) জেলা সংবাদদাতাদের দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র- **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৯,ক.১)।

৭। **পুঁজিবাজারে আসছে রাষ্ট্রায়ত্ত চার ব্যাংক : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, আমরা যেকোনো মূল্যে পুঁজিবাজার শক্তিশালী করতে চাই। তাই আরো চারটি রাষ্ট্রায়ত্ত ব্যাংক পুঁজিবাজারে নিয়ে আসা হচ্ছে। রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর মধ্যে বর্তমানে শুধু রূপালী ব্যাংকের শেয়ার রয়েছে বেসরকারি খাতে। আর শতভাগ সরকারি মালিকানাধীন অন্য তিন বাণিজ্যিক ব্যাংকের শেয়ার পুঁজিবাজারে সাধারণ বিনিয়োগকারীদের জন্য ছেড়ে দেওয়ার পরিকল্পনা করা হয়েছে। গতকাল (৯ জানুয়ারি রোববার) সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে রাষ্ট্রীয় ব্যাংকগুলোকে পুঁজিবাজারে আনার বিষয়ে করণীয় নির্ধারণ করতে সংশ্লিষ্টদের সঙ্গে বৈঠক শেষে অর্থমন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২।

৮। **জনস্বাস্থ্যের নিরাপত্তার স্বার্থে নকল-ভেজাল ওষুধ বিক্রির বিরুদ্ধে সরকার কঠোরতা অবলম্বন করছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, জনস্বাস্থ্যের নিরাপত্তার স্বার্থে নকল-ভেজাল ওষুধ বিক্রির বিরুদ্ধে সরকার কঠোরতা অবলম্বন করছে। ওষুধের অনিয়ম প্রতিরোধে বিদ্যমান ওষুধ আইনকে আরো যুগোপযোগী ও কঠোর শাস্তির বিধান রেখে প্রস্তাবিত আইন অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। গতকাল (৯ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

৯। **আন্তর্জাতিক রুটের জন্য ছয়টি বড় জাহাজ কিনবে সরকার : সংসদে নৌ পরিবহণ প্রতিমন্ত্রী**

আন্তর্জাতিক রুটে চলাচলের জন্য সমুদ্রগামী ছয়টি বড় জাহাজ কেনার পরিকল্পনা সরকারের রয়েছে বলে জানিয়েছেন নৌ পরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। ছয়টি জাহাজের মধ্যে রয়েছে দুটি ক্রুড অয়েল মাদার ট্যাংকার, দুটি মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার (ডিজেল পরিবহণ উপযোগী) এবং দুটি মাদার বাল্ক ক্যারিয়ার (কয়লা পরিবহণ উপযোগী)। এছাড়া সমুদ্রগামী আরও চারটি নতুন সেলুলার কনটেইনার জাহাজ ক্রয়ের পরিকল্পনা রয়েছে। গতকাল (৯ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.১)।

১০। **মনু নদ রক্ষায় হাজার কোটি টাকার প্রকল্প নেওয়া হবে : মৌলভীবাজারে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

পানিসম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক বলেছেন, মৌলভীবাজার জেলা তথা জেলা শহরকে বন্যার কবল থেকে রক্ষায় মনু নদে এক হাজার দুই কোটি টাকার কাজ শীঘ্রই শুরু হবে। এ প্রকল্প বাস্তবায়িত হলে খরস্রোতা মনু নদের ভাঙন ও বন্যার কবল থেকে মুক্তি পাবে জেলাবাসী। তিনি আরও বলেন, নদী ও খালের গতিপথ এবং প্রবাহ অক্ষুণ্ন রাখতে দেশব্যাপী অবৈধ দখলদারিত্ব উচ্ছেদে অভিযান চলছে। নদীকে বাঁচিয়ে রাখতে ও পরিবেশের ভারসাম্য রক্ষায় এ অভিযানে সবাইকে সহযোগিতার আহ্বান জানান। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) মৌলভীবাজার শহরের মনু নদ তীরবর্তী চাঁদনীঘাট এলাকায় শহর প্রতিরক্ষা বাঁধ পরিদর্শনে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন । সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

১১। **আগামী মৌসুমে সারাদেশে অ্যাপসে বোরো সংগ্রহ করা হবে : বগুড়ায় খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, আগামী বোরো সংগ্রহ অভিযানে সারাদেশে ডিজিটাল অ্যাপসের মাধ্যমে প্রকৃত কৃষকদের তালিকা থেকে বোরো ধান চাল কেনা হবে। প্রয়োজনে মন্ত্রণালয় অ্যাপসে সহযোগিতায় খন্ডকালীন ভলান্টিয়ার নিয়োগ দেবে। তিনি বলেন, ধান চাল সরবরাহে কৃষকরা যাতে ঘরে বসেই আদ্রতার (ময়েশ্চার) মাত্রা নির্ণয় করতে পারে সে জন্য মাঠ পর্যায়ের সকল কৃষি উপ সহকারী কর্মকর্তাকে ময়েশ্চার মিটার প্রদান করা হবে। মিটার কিনতে প্রয়োজনে অন্য ফান্ড থেকে অর্থ বরাদ্দ নেয়া হবে। গতকাল (৯ জানুয়ারি রোববার) বগুড়া সার্কিট হাউসে এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৮)।

১২। **স্থানীয় নির্বাচনে ক্লিন ইমেজের ব্যক্তিকে বেছে নিন : স্থানীয় সরকার মন্ত্রী**

নাগরিক সেবা বৃদ্ধির মাধ্যমে ইউনিয়ন পরিষদকে শতভাগ কার্যকর করতে স্থানীয় পর্যায়ে জনপ্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে স্বচ্ছ ও ক্লিন ইমেজের ব্যক্তিকে বেছে নিতে জনগণের প্রতি আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। একইসঙ্গে ইউনিয়ন পরিষদের আয়বর্ধনের পথ খুঁজতে আরও বেশি জনসম্পৃক্ততা বাড়াতে জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান জানান তিনি। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) কাকরাইলে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর মিলনায়তনে 'ইউনিয়ন পরিষদকে অধিকতর কার্যকর ও জনবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করতে করণীয় নির্ধারণ : বর্তমান প্রেক্ষিত' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** ( শেষ পৃ,ক.২)।

১৩। **চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হওয়ার পরামর্শ শিক্ষামন্ত্রীর**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোকে শিক্ষার্থীদের গড়ে তুলতে হবে যোগ্য মানবসম্পদ হিসেবে। এ যোগ্য মানবসম্পদের মানদণ্ড হচ্ছে চতুর্থ শিল্প বিপ্লবের জন্য উপযোগী জ্ঞান, কর্মজগতের চাহিদা অনুযায়ী দক্ষতা ও সাফল্যের জন্য যথাযথ মনোভাবের সুসমন্বয়। পাশাপাশি শিক্ষার্থীদের কল্যাণমুখী ও প্রায়োগিক গবেষণা করতে উৎসাহী করতে হবে, যেন দেশ গঠনে তারা ভূমিকা পালন করতে পারে। তিনি শিক্ষার্থীদের চাকরির পেছনে না ছুটে উদ্যোক্তা হওয়ার পরামর্শ দেন। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) বেসরকারি নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের (এনইউবি) পঞ্চম সমাবর্তনে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.৩,ক ২)।

**১৪। নারী উদ্যোক্তা বৃদ্ধিতে কাজ করছে সরকার : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, নারী উদ্যোক্তা বৃদ্ধি এবং ব্যবসা-বাণিজ্যে নারীদের সম্পৃক্ততা বাড়াতে সরকার আন্তরিকভাবে কাজ করছে। গতকাল (৯ জানুয়ারি রোববার) রাজধানীর একটি হোটেলে ইন্টারন্যাশনাল ফাইন্যান্স করপোরেশন (আইএফসি) আয়োজিত ‘করপোরেট কানেক্ট : স্ট্রেনদেনিং মার্কেট এক্সেস ফর ওম্যান বিজনেস ওনার্স ২০২০ কনফারেন্স অ্যান্ড বিজনেস ফেয়ার’-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, এসএমই উদ্যোক্তাদের মধ্যে নারী উদ্যোক্তাদের অবস্থান মাত্র ৭ দশমিক ২১ শতাংশের মধ্যে। আমরা যদি জিডিপি প্রবৃদ্ধি দুই অংকের ঘরে নিয়ে যেতে চাই, তাহলে ব্যবসা-বাণিজ্যে নারীদের অংশগ্রহণ বাড়াতেই হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১), **বণিক বার্তা** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৫। ঐতিহ্য রক্ষা করে আধুনিক নগরায়ণ চাই : আবুধাবিতে গণপূর্তমন্ত্রী**

ঐতিহ্যকে রক্ষা করে আধুনিক নগরায়ণের ওপর গুরুত্বারোপ করেছেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী শ. ম. রেজাউল করিম এমপি। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) সংযুক্ত আরব আমিরাতের আবুধাবিতে চলমান ওয়ার্ল্ড আরবান ফোরামের মন্ত্রী পর্যায়ের এক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**১৬। আখাউড়া-সিলেট রেল রুটের কাজ দ্রুত শুরু হবে : সিলেটে রেলমন্ত্রী**

দীর্ঘদিন ধরে অবহেলিত আখাউড়া-সিলেট রেলরুটের কাজ দ্রুত শুরু হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন। গতকাল (৯ ফেব্রুয়ারি রোববার) সিলেটের সীমান্তবর্তী উপজেলা কোম্পানীগঞ্জের ভোলাগঞ্জ কোয়ারি এলাকায় রেলওয়ের রোপওয়ে, জমি ও স্থাপনা পরিদর্শনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সাম্প্রতিক সময়ে বেশ কয়েকটি ট্রেন দুর্ঘটনার পর এ রুট সংস্কারের দাবি উঠেছে। এরপর এ রুট ডুয়েল গেজে উন্নীত করার উদ্যোগ নেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.১), **ইত্তেফাক** (পৃ.৬,ক.১)।

**১৭। দেশে বর্তমানে ১১৭টি যাত্রাদলের নিবন্ধন রয়েছে : সংসদে সংস্কৃতি প্রতিমন্ত্রী**

সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী কেএম খালিদ জানিয়েছেন, দেশে বর্তমানে ১১৭টি যাত্রাদলের নিবন্ধন রয়েছে। এছাড়া বিভিন্ন জেলা ও উপজেলায় শৌখিন যাত্রা দল রয়েছে। এগুলো বিভিন্ন পূজা-পার্বণ, মেলা ইত্যাদি অনুষ্ঠানে যাত্রাপালা পরিবেশন করে। গতকাল (৯ জানুয়ারি রোববার) জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক, সংবাদ :** ৩৬ কোটি পাঠ্যপুস্তক সংরক্ষণের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) নিজস্ব সংরক্ষণাগার নেই এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে প্রতি উপজেলায় এনসিটিবি’র নিজস্ব গুদাম গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **সমকাল** : কারাগারগুলোতে এখন ধারন ক্ষমতার দ্বিগুণের চেয়েও বেশি বন্দি আটক রয়েছে উল্লেখ করে সরকার কারাগারকে সংশোধনাগার বানানোর লক্ষ্যে যে কয়েকটি প্রকল্প হাতে নিয়েছে তা দ্রুত বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **যায়যায়দিন :** আরেক দফা বিদ্যুৎতের দাম বাড়ানোর ঘোষণা দিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন উল্লেখ করে জনস্বার্থ বিবেচনায় নিয়ে বিদ্যুতের দাম সহনীয় পর্যায়ে রাখার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর, যায়যায়দিন** : রাজধানীর বনানী টি অ্যান্ড টি বস্তিতে অগ্নিকাণ্ডে তিন শতাধিক ঘর পুড়ে যাওয়ায় পাঁচ হাজারেরও বেশি মানুষের নিঃস্ব হওয়ার ঘটনায় দুঃখ প্রকাশ করে এ দুর্ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধানের পাশাপাশি এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ** : নিরাপত্তার অভাবে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে মেয়েদের লেখাপড়ায় বাড়ছে ঝরেপড়ার হার উল্লেখ করে এ অবস্থা থেকে উত্তরণে নারীদের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার পরামর্শ।

**চ.** **অবজারভার** : প্রতিদিন গড়ে ২৪ জনের মৃত্যু হয় সড়ক দুর্ঘটনায় উল্লেখ করে সড়ক দুর্ঘটনা রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**ছ.** **এশিয়ান এজ :** রাজধানীতে শব্দদূষণ জনদুর্ভোগের কারণ উল্লেখ করে শব্দদূষণ সহনীয় মাত্রায় নামিয়ে আনতে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

**উপ-সম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সতর্ক আর সচেতন হলে করোনাভাইরাসের আক্রমণ হতে আমরা দূরে থাকতে পারবো।

**নিবন্ধ ও ফিচারেই**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘ড্রাইভিং অবস্থায় স্মার্টফোনের ব্যবহার’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, নিজে বাঁচতে এবং অন্যকে রক্ষা করতে ড্রাইভিংয়ের সময় স্মার্টফোন ব্যবহার থেকে বিরত থাকতে হবে।

#

ডালিয়া/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা